দৈনিক আমাদের সময়
তারিখ 27 NOV 2017
পৃষ্ঠা ২ কলাম ৩

# অর্থাভাবে পুষ্টিকর খাবার পান না জাবির ৮০% শিক্ষার্থী

জাবি প্রতিনিধি •
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ৮০ ভাগ ছাত্রছাত্রীই অর্থাভাবে পুষ্টিকর খাবার থেকে বঞ্চিত। গতকাল অর্থনীতি বিভাগের সংগঠন 'অর্থশাস্ত্র পাঠচক্র' আয়োজিত সেমিনারে উপস্থাপিত এক সমীক্ষার মাধ্যমে এ তথ্য তুলে ধরেন শিক্ষার্থী ইশতিয়াক রায়হান। তেল-গ্যাস-বিদ্যুৎ-বন্দর রক্ষা জাতীয় কমিটির সদস্য সচিব অধ্যাপক আনু মুহাম্মদ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

সমীক্ষায় বলা হয়, নমুনা হিসেবে ২২৫ শিক্ষার্থীর (১২৫ ছেলে ও ১০০ মেয়ে) মধ্যে এ জরিপকাজ চলে। এতে তাদের দৈনন্দিন গৃহীত খাদ্যশক্তির পরিমাণ (কিলো ক্যালরি) নিরূপণ করা হয়। দেখা যায়, জাবি শিক্ষার্থীদের দৈনিক খাদ্যে গড় শক্তি গ্রহণের পরিমাণ ১৮২১ কিলো ক্যালরি। অথচ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জাতীয় পুষ্টি বিজ্ঞান ইনস্টিটিউটের মতে, বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থীর দিনে ২৮০০ থেকে ৩০০০ কিলো ক্যালরি খাদ্যগ্রহণ করা উচিত।

সমীক্ষায় আরও বলা হয়, ২৮০০ কিলো ক্যালরি শক্তির খাদ্যগ্রহণ করতে একজন শিক্ষার্থীর মাসিক ৫৭৯০ টাকা প্রয়োজন। কিন্তু জাবি শিক্ষার্থীদের খরচ মাত্র ৪০৮০ টাকা। এটি তাদের দরিদ্রতাতেই প্রকাশ করছে বলে উল্লেখ করা হয়।

অধ্যাপক আনু মুহাম্মদ বলেন, প্রায় প্রতিটি পাবলিক বিশ্ববিদ্যালয়েই এ অবস্থা। আর এ সমস্যা দূর করতে রাষ্ট্রকে জাতীয় বাজেটের এক ভাগ ব্যবহার করা উচিত। কেননা এসব শিক্ষার্থীই কিছু দিনের মধ্যে দেশের হাল ধরবে। তারাই যদি পুষ্টিকর খাবার না পায়, তা হলে দেশ পিছিয়ে যাবে।

সেমিনারে অর্থনীতি বিভাগের অধ্যাপক খন্দকার আশরাফুল মুনিম, সহযোগী অধ্যাপক আসরাফুল ইসলাম চৌধুরীসহ শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।